

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র।

৪৬.০২০.০০৪.০১.০০.৯১৭.২০১৬-৫০৭৬

তারিখ : ২৩/১১/১৬

বিষয় : রীট পিটিশন নং-১২২৯১/২০১৬, বাদী- জনাব রেজাউল হক চৌধুরী, পিতা-মৃত জহুরুল হক চৌধুরী, ১ নং রাজাপুর ইউনিয়ন পরিষদ, উপজেলা-ভোলা সদর, জেলা-ভোলা-বনাম-সরকার ও অন্যান্য

ভোলা জেলার সদর উপজেলার ১ নং রাজাপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব রেজাউল হক চৌধুরী এর সাময়িক বরখাস্ত আদেশকে চ্যালেঞ্জ করে বিষয়ে উল্লিখিত বাদী বাংলাদেশ সরকারের সচিব, স্থানীয় সরকার বিভাগ এবং অন্যান্যদের প্রতিপক্ষ করে মহামান্য হাইকোর্ট বিভাগে ১২২৯১/২০১৬ নং রীট মামলাটি দায়ের করেন। বাদী কর্তৃক দাখিলকৃত রীট মামলায় মহামান্য আদালত শোকজ প্রদান পূর্বক প্রতিপক্ষগণকে জবাব প্রদান করার জন্য রুলনিশি জারী করেছে। এছাড়া বিজ্ঞ আদালত উক্ত সাময়িক বরখাস্ত আদেশ ৩ (তিন) মাসের জন্য স্থগিত করেন। মহামান্য আদালতে মামলা প্রতিদ্বন্দ্বিতার লক্ষ্যে সরকারের পক্ষে দফাওয়ারী জবাব দাখিল করা আবশ্যিক।

- ২। এমতাবস্থায়, সরকারী স্বার্থ বিবেচনায় রেখে সরকার পক্ষে মামলা প্রতিদ্বন্দ্বিতাসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতঃ সময় সময় এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে মহামান্য আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।
- ৩। বর্ণিত রীট পিটিশনে বিজ্ঞ আদালতের আদেশ মোতাবেক যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্ত : রুলের কপি।

(মোঃ ইশান আলী রাজা বাঙালী)

উপসচিব

ফোন-৯৫৪০৯৯৫।

Email-ishanaliraja@gmail.com

জেলা প্রশাসক
ভোলা।

সদয় অবগতির জন্য অনুলিপি :

- ১। উপসচিব (ইপ-১ শাখা), স্থানীয় সরকার বিভাগ।
- ২। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।